ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর-১৯

তারিখ: কার্তিক ২, ১৪৩৩ / অক্টোবর ১৮, ২০২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিল্প মন্ত্রণালয়-এর বিএবি ও বয়লার শাখার অক্টোবর ০৭, ২০২৬ তারিখের স্মারক নং-৩৬.০০.০০০০.১৩৭.৯৯.০০৮.২২.১০৬ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে সংযোজন করা হলো।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(নাসিমা সুলতানা)
পরিচালক (এফইপিডি-১)
ফোন: ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএবি ও বয়লার শাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা ১০০০।
www.moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.১৩৭.৯৯.০০৮.২২.১০৬

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ / ০৫ অক্টোবর ২০২৬

বিষয়: বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।

সূত্র: (১) শিল্প মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.১৩৭.৯৯.০০৮.২২.৬১, তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.
(২) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের পত্রের স্মারক নং-৩৬.১১.০০০০.০০০.০০১.১৬.০০৪৮.২৬.৬৪৮, তারিখ: ০৪ অক্টোবর ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকে বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের বিষয়ে সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়েছিল। বয়লার বোর্ডের পঞ্চম সভায় বয়লার আমদানি প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শক এর পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, বয়লার আমদানি প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত বয়লার বোর্ডের পঞ্চম সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(আহসান মাহমুদ)
সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫১৮৩
ই-মেইল: asbsti@moind.gov.bd

গর্ভনর
বাংলাদেশ ব্যাংক
বাংলাদেশ ব্যাংক হেড অফিস, টয়েনবি সার্কুলার রোড,
মতিঝিল, ঢাকা-১০০০, বাংলাদেশ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):
১। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, বিসিক ইলেকট্রনিক্স কমপ্লেক্স ভবন (৮ম তলা), প্লট- ১/১, সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬
৩। যুগ্মসচিব (বিএবি ও বয়লার)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএবি ও বয়লার শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.moind.gov.bd

নম্বর: ৩৬.০০.০০০০.১৩৭.৯৯.০০৮.২২-৬১

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩ / ২৮ জুন ২০২৬

বিষয়: বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিল্প কারখানায় বয়লার দুর্ঘটনা হ্রাস, বয়লার ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, মানসম্মত বয়লার নির্মাণ, আমদানি ও রপ্তানি, বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং শিল্প কারখানায় অধিকতর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে বয়লার আইন, ২০২২ ও বয়লার বিধিমালা, ২০২৫ প্রণয়ন করা হয়েছে।

০২। বয়লার বিধিমালা, ২০২৫ এর বিধি ১৮(ক) মোতাবেক বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের বিধান রয়েছে।

০৩। এমতাবস্থায়, বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির পূর্বে বর্ণিত বিধিমালা অনুসরণপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের বিষয়ে আপনার প্রয়োজনীয় সহযোগিতার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি- ০৪ (চার) পৃষ্ঠা।

২৮/০৬/২৬ খ্রি.

(মোঃ আরিফুল ইসলাম প্রিন্স)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২২৩৮৪৪৩২
ই-মেইল: sasbb@moind.gov.bd

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
বাংলাদেশ ব্যাংক হেড অফিস, টয়েনবি সার্কুলার রোড,
মতিঝিল, ঢাকা-১০০০, বাংলাদেশ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, বিসিক ইলেকট্রনিক্স কমপ্লেক্স ভবন, (৮ম তলা), প্লট-১/১, সেকশন-৭, মিরপুর, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (বিএবি ও বয়লার) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
বিসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স ভবন (৮ম তলা), প্লট-১/১,
সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬।
www.boiler.gov.bd

স্মারক নম্বর: ৩৬.১১.০০০০.০০০.০০১.১৬.০০৪৮.২৬.৬৪৮

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩
০৪ অক্টোবর ২০২৬

বিষয়: বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং-৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬ তারিখ: ২৮/০৬/২০২৬ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, মোংলা বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয় (সংযুক্তি-১)।

০২। বয়লার আমদানির ক্ষেত্রে ক্রয় আদেশ প্রদানের পূর্বে বয়লার নির্মাণকারী ড্রইং-ডিজাইন সরবরাহ করতে অপারগতা প্রকাশ করে, বিধায় আমদানিকারক কর্তৃক আমদানির পূর্বে বয়লারের ড্রইং-ডিজাইন অনুমোদনের জন্য প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে দাখিল করা সম্ভব হচ্ছে না। বয়লার আমদানির পূর্বে বয়লারের যথাযথ ড্রইং-ডিজাইন পাওয়া কষ্টসাধ্য হওয়ায় দেশে ব্যবসা বান্ধব পরিবেশ তৈরির লক্ষ্যে গত ২৪/০৯/২০২৬ তারিখ অনুষ্ঠিত বয়লার বোর্ডের পঞ্চম সভায় বয়লার আমদানি প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শক এর পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত রাখার জন্য সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-২)।

০৩। বয়লার আমদানি প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত বয়লার বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শক এর পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত রাখার বিষয় আমদানি সংশ্লিষ্ট বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে অবহিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, বয়লার আমদানি প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত বয়লার আমদানির পূর্বে প্রধান বয়লার পরিদর্শক এর পূর্বানুমোদন গ্রহণের কার্যক্রম স্থগিত রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক, মোংলা বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

সংযুক্তিসমূহঃ
(১) সংযুক্তি-১
(২) সংযুক্তি-২